দৈনিক সংবাদ

06

তারিখ ... 13.JUN 1997 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ......

# স্কুল কলেজের চেয়ে মাদ্রাসা শিক্ষার্থীদের পেছনে সরকারি ব্যয় বেশি

॥ রাশেদ আহমেদ ॥

সরকার দেশের স্কুল-কলেজের শিক্ষার্থীদের চেয়ে মাদ্রাসার শিক্ষার্থীদের পেছনে বেশি অর্থ ব্যয় করে থাকে। স্কুল-কলেজের চেয়ে মাদ্রাসার ছাত্রছাত্রীদের পেছনে সরকারের বাৎসরিক ব্যয় হয় প্রায় দ্বিগুণ বেশি।

১৯৯৭ সালের বাংলাদেশের অর্থনৈতিক

ব্যয় ঃ পৃঃ ১১ কঃ ৬

## ব্যয় ঃ বেশি

( ১ম পৃষ্ঠার পর )

সমীক্ষা থেকে জানা গেছে, সরকারি মাধ্যমিক পর্যায়ের স্কুলের একজন শিক্ষার্থীর পেছনে যেখানে সরকারের বাৎসরিক ব্যয় ২ হাজার ৯শ' ৯৭ টাকা, সেখানে সরকারি মাদ্রাসার একজন শিক্ষার্থীর পেছনে সরকারের বাৎসরিক ব্যয় হচ্ছে ৪ হাজার ৯শ' ৮৫ টাকা। বেসরকারি স্কুলের শিক্ষার্থীদের পেছনে যেখানে সরকারের মাথাপিছু ব্যয় হয় ৮শ' ৪৩ টাকা সেখানে বেসরকারি মাদ্রাসার ছাত্রছাত্রীর পেছনে সরকারের মাথাপিছু ব্যয় ১ হাজার ৬২ টাকা।

অর্থনৈতিক সমীক্ষায় দেখানো হয়েছে, সরকারি কলেজের ছাত্রছাত্রীদের পেছনে সরকারের মাথাপিছু বাৎসরিক ব্যয় হচ্ছে ২ হাজার ৭শ' ৪৪ টাকা ও বেসরকারি কলেজের ছাত্রছাত্রীদের পেছনে ব্যয় ১ হাজার ৪শ' ৩৫ টাকা।

সমীক্ষায় দেখা গেছে, সরকারের সবচেয়ে বেশি ব্যয় হয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পেছনে। বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষার্থীর জন্যে সরকারের বাৎসরিক ব্যয় গড়ে ২৪ হাজার ৬শ' ২ টাকা।

পরিসংখ্যান অনুযায়ী দেশে প্রায় ১২ হাজার মাধ্যমিক পর্যায়ের স্কুল রয়েছে। মাদ্রাসার সংখ্যা সাড়ে ৬ হাজারের মত। সাধারণ কলেজের সংখ্যা এক হাজারের বেশি। বিশ্ববিদ্যালয় হচ্ছে ১১টি।